

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন  
মুখপাত্র

[www.sec.gov.bd](http://www.sec.gov.bd)

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৪২

তারিখ: ০৭ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ  
২১ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ


প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (DSE) এর সার্ভেইল্যান্স টিমের সাথে বিএসইসির বৈঠক।**

অদ্য ২১ জুন ২০২৬ তারিখে রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সাথে ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (DSE) এর সার্ভেইল্যান্স টিমের বৈঠক অনুষ্ঠিত হয়। বিএসইসি'র চেয়ারম্যান(ভারপ্রাপ্ত) তানভীর হাবিব রহমান, সিপিএ, বিএসইসি'র কমিশনার নাহিদ মাহতাব, বিএসইসি'র কমিশনার মোঃ নাফিজ আল তারিক, সিএফএ, এফআরএম, বিএসইসির নির্বাহী পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দসহ আরো অনেকে উক্ত বৈঠকে উপস্থিত ছিলেন। অনুষ্ঠিত বৈঠকে ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (DSE)-এর পক্ষ থেকে ডিএসই'র ব্যবস্থাপনা পরিচালক নুজহাত আনোয়ার ও চিফ রেগুলেটরি অফিসার(ভারপ্রাপ্ত) মোহাম্মদ শফিকুল ইসলাম ভূঁইয়া উপস্থিত ছিলেন।

বৈঠকে অন্যান্যের মধ্যে পুঁজিবাজারের উন্নয়ন ও আধুনিকায়নসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়েছে। এসময় পুঁজিবাজারের স্বচ্ছতা ও বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা নিশ্চিতকরণ এবং সকল ধরনের অনিয়ম-কারসাজি রোধের উপর গুরুত্বারোপ করা হয়। বাজার কারসাজি বন্ধে সাম্প্রতিক সময়ে ডিএসই'র গৃহীত ব্যবস্থা ও পদক্ষেপ সম্পর্কে তুলে ধরা হয়। স্বচ্ছ, জবাবদিহিতামূলক ও কার্যকর পুঁজিবাজার গড়তে বিএসইসি বদ্ধ পরিকর মর্মে কমিশনের পক্ষ থেকে জানানো হয়। সকল ধরনের বাজার কারসাজি রোধে আন্তর্জাতিক সর্বোত্তম অনুশীলন (International Best Practices) অনুসরণ করে স্টক এক্সচেঞ্জের রিয়েল টাইম সার্ভেইল্যান্স ও প্রয়োজনীয় নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণের উপর বিশেষভাবে জোর দেওয়া হয়। একইসাথে দেশের পুঁজিবাজারে বিনিয়োগকারীদের স্বার্থ সুরক্ষায় পুঁজিবাজারের সার্ভেইল্যান্স সিস্টেমের উন্নয়ন ও আধুনিকায়ন বিষয়ে বৈঠকে আলোচনা হয়েছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

  
২১/০৬/২০২৬  
মোঃ আবুল কালাম  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

